সুধাসাগরতীরে হে, এসেছে নরনারী সুধারসপিয়াসে ॥
শুভ বিভাবরী, শোভাময়ী ধরণী,
নিখিল গাহে আজি আকুল আশ্বাসে ॥
গগনে বিকাশে তব প্রেমপূর্ণিমা,
মধুর বহে তব কৃপাসমীরণ ।
আনন্দতরঙ্গ উঠে দশ দিকে,
মগ্ন প্রাণ মন অমৃত-উচ্ছ্বাসে ॥

---